



മിനിസ്ട്രി ഓഫ് ലാബർ
ആൻഡ് സോഷ്യൽ സെക്യൂരിറ്റി

മിനിസ്ട്രി ഓഫ് ലാബർ,
സോഷ്യൽ സെക്യൂരിറ്റി

Job Category: Electrician/Electronics Repair

Job Source: മിനിസ്ട്രി ഓഫ് ലാബർ
ആൻഡ് സോഷ്യൽ സെക്യൂരിറ്റി

Job Summary

Posted On: 20 Jan 2025

Application Deadline: 10 Feb 2025

জেলা পরিষদ

চুয়াডাঙ্গা

zp.chuadanga.gov.bd

স্মারক নম্বর-৪৬.৪২.১৮০০.০০৩.১১.০০৪.২৪.১৪

তারিখ: ১৫-১-২৫ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ শাখা এর ০৫/০৯/২০২৪ তারিখের ৪৬.০৪২.০১১.০৪.০০.১৩০.২০১৩-১৩৯৫ নম্বর স্মারকের ছাড়পত্রের প্রেক্ষিতে চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সরকার কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	শূন্য পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
১.	হিসাব রক্ষক	১ (এক)টি	গ্রেড-১৩: ১১০০০-২৬৫৯০	১৮-৩২ বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে ২য় শ্রেণীতে স্নাতক ডিগ্রী।
২.	ইলেকট্রিশিয়ান	১ (এক)টি	গ্রেড-১৬: ৯৩০০-২২৪৯০	১৮-৩২ বৎসর	সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সনদপ্রাপ্ত।
৩.	ড্রিলিং/মেশিন অপারেটর-কাম-দস্তুরী	১ (এক)টি	গ্রেড-১৮: ৮৮০০-২১৩১০	১৮-৩২ বৎসর	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা তৎসহ মেশিন চালানোর বাস্তব অভিজ্ঞতা।

শর্তাবলী:

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত ১ (এক) পাতার চাকরির আবেদন ফরম কম্পিউটার কম্পোজ বা হাতে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম চুয়াডাঙ্গা জেলা পরিষদের ওয়েবসাইট: (www.zp.chuadanga.gov.bd) এ পাওয়া যাবে।
- প্রার্থীর বয়স ১০/০২/২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্র 'প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চুয়াডাঙ্গা' বরাবরে আগামী ১০/০২/২০২৫ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন (বিকাল ৫.০০টার) মধ্যে জেলা পরিষদ, চুয়াডাঙ্গা কার্যালয়ে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- একজন প্রার্থী একটি পদের বিপরীতেই আবেদন করতে পারবেন। একাধিক পদে আবেদন করলে যেকোন একটি পদের আবেদন গ্রহণপূর্বক অন্য পদের আবেদন বাতিল বলে গণ্য হবে।
- খামের উপর পদের নাম এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা লিখতে হবে।
- আবেদনপত্রের সঙ্গে 'প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চুয়াডাঙ্গা' এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ হিসাব রক্ষক ও ইলেকট্রিশিয়ান পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ড্রিলিং/মেশিন অপারেটর-কাম-দস্তুরী পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে (অফেরতযোগ্য)।
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :
(ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি।
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের ফটোকপি।
(গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের ফটোকপি।
(ঘ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(ঙ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ডাকযোগে প্রেরণের জন্য আবেদনকারীর নাম, ঠিকানা লিখিত ও ১০/- টাকার ডাক টিকিট লাগানো ৯.৫×৪.৫ ইঞ্চি সাইজের ফেরত খাম ১ (এক)টি।
- অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ/নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
- আবেদনপত্রসমূহ বাছাইয়ের পর সঠিক পাওয়া গেলে প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য বিবেচনা করা হবে। নিয়োগ পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আবেদনকারীকে মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে।
- চাকুরীতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন ও সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ নীতিমালা ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের ক্ষেত্রে প্রমাণক হিসেবে যথাযথ কাগজপত্র দাখিল করতে হবে।
- চাকুরীর শর্তাবলী এবং বেতন ভাতাদি/সুযোগ সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন ২০০০, স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯০ এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আদেশ/নির্দেশাবলী প্রযোজ্য হবে।
- আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কোন তথ্য/কাগজপত্র সঠিক নয় প্রমাণিত হলে যে কোন পর্যায়ে এমনকি চাকুরী পাওয়ার পরও চাকুরী থেকে অপসারণসহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। জেলা পরিষদ কর্তৃপক্ষ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল আবেদনপত্র বাতিল করার বা নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



এইচ.এম. সালাউদ্দীন মনজু
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভার:)

ও

আহ্বায়ক
নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি
জেলা পরিষদ, চুয়াডাঙ্গা
ফোন: ০২৪৭৭৮৯৩৪৯।

AR-798-19/25 (10'×3)

ই-মেইল: zillaparishadchuadanga88@gmail.com